গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

# উপজেলা ক্যাপিটেশন গ্র্যান্ট মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | : বেলা ১২.০০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ২৩/০৪/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

## সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

অদ্য সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতেই কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর জানান যে, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ ও বিধিমালা ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত ও সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানা সমূহে 'বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০২৪'তে বর্ণিত বিধান অনুসারে শুধুমাত্র ১৮ (আঠার) বছরের কমবয়সী প্রাথমিক/মাধ্যমিক/সমমান বিদ্যালয়ে অধ্যয়নরত এতিমনিবাসীদের অনুকূলে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা হয়। সমাজসেবা অধিদপ্তর হতে সদরপুর উপজেলার নিবন্ধিত ১৮ (আঠার) টি বে-সরকারি এতিমখানা সমূহের মধ্যে ১১ (এগার) টিতে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদান করা হচ্ছে। অন্য নিবন্ধিত এতিমখানা গুলো ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির শর্ত পুরন করতে না পারায় গ্র্যান্ট স্থগিত রয়েছে। চলতি অর্থবছরের ক্যাপিটেশন গ্র্যান্টের বরাদ্দ মঞ্জুরি ও চেকের জন্য জন্য নির্ধারিত ফর্ম মোতাবেক সভাপতি সম্পাদকগণ বিল দাখিল করেছেন । এছাড়া চলতি অর্থবছরের দ্বিতীয় কিস্তির অনলাইন আবেদনও গ্রহণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হওয়া আবশ্যক। অত:পর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **২০২৫-২০২৬ অর্থবছরের ১ম কিস্তির বিল দাখিল:** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে অত্র উপজেলায় নিবন্ধিত বে-সরকারি এতিমখানা সমূহের অনুদান (ক্যাপিটেশন গ্র্যান্ট) বরাদ্দ ও মঞ্জুরি পাওয়া যায়। চলতি অর্থবছরের জুলাই ২০২৫- হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত প্রথম কিস্তির ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনের ভিত্তিতে সমাজসেবা অধিদপ্তর হতে স্মারক: ৭২ তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. মোতাবেক বরাদ্দ পাওয়া যায়; উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৮৩ তারিখ: ০৫/০৩/২০২৬ খ্রি. মোতাবেক সকল এতিমখানার সভাপতি ও সাধারণ সম্পাদককে বিল দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু যথাসময়ে কোন এতিমখানা বিল দাখিল করতে পারেনি। ফলে উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ১১৮ তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি. মোতাবেক পুনরায় বিল দাখিলের নিমিত্ত তাগিতপত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০২৪'তে বর্ণিত বিধান অনুসারে এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ অনুসারে সংশ্লিষ্ট এতিমখানার ক্রয় কমিটি কর্তৃক ব্যয়িত অর্থ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদন পূর্বক প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত ফরমে বিল দাখিল করেন। দাখিলকৃত বিলসমূহ যাচাই-বাছাই সাপেক্ষে উপজেলা একাউন্টের প্রেরণের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। | যাচাই-বাছাই সাপেক্ষে বরাদ্দ অনুসারে ব্যয়িত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের অনুকূলে প্রাপ্ত ক্যাপিটেশন গ্র্যান্টের দাবী পরিশোধের নিমিত্ত বিল সমূহ একাউন্টস অফিসে প্রেরণ ও নীতিমালা অনুসারে ক্রসচেকের মাধ্যমে বিল পরিশোধের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০২ | **এতিমখানায় শিক্ষা ও পুনর্বাসন সংক্রান্ত:** সভায় সদস্য সচিব জানান যে, বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট দ্বারা প্রতিষ্ঠানের নিবাসী এতিম ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের প্রাথমিক, মাধ্যমিক বা উচ্চতর স্তরে ভর্তি, শিক্ষা-প্রশিক্ষণ ও তাঁদের সার্বিক জীবনমান | সভায় বেসরকারি এতিমখানার শিক্ষার পরিবেশ ও প্রশিক্ষণ কার্যক্রমের মানোন্নয়নে | সংশ্লিষ্ট সকল। |

<table>
<tr><td></td><td>উন্নয়নের বিষয়ে মনিটরিং জোরদার করা আবশ্যক; সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হওয়া হয়।</td><td>মনিটরিং জোরদার করবার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>০৩</td><td><u>বিলের দাবী নিস্পত্তি:</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে অত্র উপজেলায় নিবন্ধিত বে-সরকারি এতিমখানা সমূহের অনুদান (ক্যাপিটেশন গ্র্যান্ট) বরাদ্দ ও মঞ্জুরি পাওয়া যায়। চলতি অর্থবছরের জুলাই ২০২৫- হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত প্রথম কিস্তির ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য আবেদনের ভিত্তিতে সমাজসেবা অধিদপ্তর হতে স্মারক: ৭২ তারিখ: ২৬ /০২/২০২৬ খ্রি. মোতাবেক বরাদ্দ পাওয়া যায়;
<table>
<tr><th>ক্রম</th><th>প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা</th><th>এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>সদরপুর এতিমখানা ও মাদ্রাসা, সদরপুর, ফরিদপুর</td><td>৪৬</td></tr>
<tr><td>২</td><td>বাবরআলী মোল্লার কান্দি এতিমখানা ও মাদ্রাসা</td><td>৯</td></tr>
<tr><td>৩</td><td>দক্ষিণ শৈলডুবী ইব্রাহিমিয়া এতিমখানা ও মাদ্রাসা</td><td>৬</td></tr>
<tr><td>৪</td><td>নুরজাহান ও বাসার তালুকদার এতিমখানা ও মাদ্রাসা</td><td>১৩</td></tr>
<tr><td>৫</td><td>পিয়াজখালী এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং, ঢেউখালী</td><td>৮</td></tr>
<tr><td>৬</td><td>৩৩ নং ডিগ্রীর চর এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং</td><td>৭</td></tr>
<tr><td>৭</td><td>শোনপাঁচা মুসলিম এতিমখানা, শোনপাঁচা, সদরপুর</td><td>১১</td></tr>
<tr><td>৮</td><td>হাজী জয়নাল চাকলাদার এতিমখানা, সদরপুর</td><td>১১</td></tr>
<tr><td>৯</td><td>ভাষাণচর নতুনবাজার ইমামউদ্দীন খান এতিমখানা</td><td>১২</td></tr>
<tr><td>১০</td><td>সাতরশি দারুস সুন্নাহ এতিমখানা, সাতরশি, সদরপুর</td><td>১২</td></tr>
<tr><td>১১</td><td>আল-জামিয়াতুল ইসলামিয়া এতিমখানা লিল্লাহ বোর্ডিং</td><td>০৭</td></tr>
</table></td><td>প্রাপ্ত বরাদ্দ অনুসারে দাখিলকৃত প্রতিষ্ঠানের বিলসমূহ বিধিমোতাবেক ক্রসচেকের মাধ্যমে সভাপতি/সম্পাদকের অনুকূলে পরিশোধের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td>০৪</td><td>সদস্য সচিব সভায় জানান যে উপজেলার নিবন্ধিত বে-সরকারি এতিমখানা সমূহকে ‘বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০২৪’তে বর্ণিত ৯.৭ ধারা মোতাবেক ‘এতিমনিবাসীদের ছবিসহ তথ্য সম্বলিত ভর্তি রেজিষ্ট্রার (সকল এতিমনিবাসীর) উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার এঁর নিকট হতে প্রত্যয়ন গ্রহণ’ করতে হবে। নীতিমালার ১৩.২ ধারায় ‘এতিমখানায় ভর্তিকৃত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের মোট সংখ্যার সর্বোচ্চ ৫০% (পঞ্চাশ ভাগ) শিশুকে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা যাবে’ ফলে নিবন্ধিত প্রতিষ্ঠানে ভর্তিকৃত সকল এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তালিকায় প্রত্যয়ন প্রদানের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>বেসরকারি এতিমখানায় ভর্তিকৃত এতিম ও সুবিধাবঞ্চিত নিবাসীদের ছবিসহ তথ্য সম্বলিত ভর্তি রেজিষ্ট্রার ও তালিকা উপজেলা সমাজসেবা অফিসার এবং উপজেলা নির্বাহী অফিসার এঁর নিকট হতে প্রত্যয়ন ব্যাপারে সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>০১। উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>০৫</td><td>সভায় সদস্য সচিব জানান যে, বে-সরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টণ নীতিমালা ২০২৪ (সংশোধিত) অনুমোদিত হয়েছে। এখানে শিশু আইন ২০১৩ এর ৮৯ ধারায় বর্ণিত ১৬ ধরনের শিশুকে সুবিধাবঞ্চিত শিশু হিসেবে বিবেচনা করা হয়েছে। উক্ত ১৬ ধরণের শিশুকে সুবিধাবঞ্চিত শিশু বিবেচনায় তাঁদের অনুকূলে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা যাবে বিধায় অত্র উপজেলার সকল নিবন্ধিত এতিমখানাসমূহের সভাপতি/সম্পাদককে বিষয়টি অবহিত করা হয়েছে। উক্ত নীতিমালার পরিশিষ্ট-৮ মোতাবেক এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের শনাক্তকরণে সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র/কাউন্সিলরকে ক্ষমতা প্রদান করা হয়েছে। ফলে প্রকৃতপক্ষে সুবিধাবঞ্চিত শিশুদেরকে শনাক্তকরণ ও প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি ও চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলরদের সতর্কতার সহিত যাচাই পূর্বক সঠিকভাবে প্রত্যয়ন প্রদানের জন্য সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৪৫৩ তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি. মতাবেক পত্র প্রেরণ করা হয়। সভায় এ বিষয়ে আলোচনা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কার্যালয়ের ৩০/১০/২০২৫ খ্রি. তারিখের ৪৫৩ সংখ্যক পত্র মোতাবেক এতিম ও সুবিধাবঞ্চিত শিশু মর্মে প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র/ কাউন্সিলরদের সতর্কতার সাথে ও সঠিকতা নিরূপন সাপেক্ষে প্রত্যয়ন / সনদ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) সদরপুর, ফরিদপুর</td></tr>
</table>

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | সভায় সদস্য-সচিব জানান, সমাজসেবা অধিদপ্তরের ২৯/০৩/২০২৬ খ্রি. তারিখের ১০৭ সংখ্যক পত্র মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে দ্বিতীয় কিস্তির (জানুয়ারি-জুন ২০২৬) ক্যাপিটেশন গ্র্যান্টের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্তের আলোকে উপজেলা সমাজসেবা কার্যালয়ের ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখের ১১৬ সংখ্যক পত্র মারফত সকল নিবন্ধিত এতিমখানার সভাপতি/সেক্রেটারির নিকট অনলাইনে আবেদন আহ্বান করা হয়। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত ছক মোতাবেক এতিমখানা গুলো তাঁদের প্রতিষ্ঠানের ভর্তিকৃত এতিম নিবাসীদের ডাটা এন্ট্রি সম্পন্ন করেন। উপজেলা সমাজসেবা কার্যালয়ের সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী দ্বারা দাখিলকৃত নিবাসীদের তথ্যাদি যাচাই করা হয় এবং নথিপত্র বিবেচনায় সঠিক নিবাসীদের তথ্য অনুমোদনের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় ক্যাপিটেশন গ্র্যান্ট নীতিমালা ২০২৪ এর ১৩.২ অনুচ্ছেদ মোতাবেক অনুমোদিত এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর ৫০% হারে ক্যাপিটেশন গ্র্যান্টের বরাদ্দের প্রস্তাব পরিশিষ্ট-৬ মোতাবেক অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর। |

| ক্রম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | এন্ট্রিকৃত নিবাসী শিশুর সংখ্যা | ক্যাপিটেশনের অনুমোদিত শিশুর সংখ্যা | অননুমোদিত শিশুর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | সদরপুর এতিমখানা ও মাদ্রাসা | ১৬৫ | ৯২ | ৭৩ |
| ২ | বাবরআলী মোল্লার কান্দি এতিমখানা ও মাদ্রাসা | ৮৯ | ৪৩ | ৪৬ |
| ৩ | আল মাদ্রাসাতুল এরাবিয়া ওমরফারুক (রঃ) এতিমখানা | ৪৩ | ২৪ | ১৯ |
| ৪ | দক্ষিণ শৈলডুবী ইব্রাহিমিয়া এতিমখানা ও মাদ্রাসা | ৩৪ | ১৩ | ২১ |
| ৫ | নুরজাহান ও বাসার তালুকদার এতিমখানা ও মাদ্রাসা | ১০২ | ২৭ | ৭৫ |
| ৬ | পিয়াজখালী এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং, ঢেউখালী | ৫৪ | ১৬ | ৩৮ |
| ৭ | ৩৩ নং ডিগ্রীর চর এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং | ৬৬ | ১৪ | ৫২ |
| ৮ | শোনপাঁচা মুসলিম এতিমখানা, শোনপাঁচা, সদরপুর | ৪৩ | ২৫ | ১৮ |
| ৯ | হাজী জয়নাল চাকলাদার এতিমখানা, সদরপুর | ৮৩ | ২৩ | ৬০ |
| ১০ | ভাষাণচর নতুনবাজার ইমামউদ্দীন খান এতিমখানা | ৯৫ | ২৫ | ৭০ |
| ১১ | সাতরশি দারুস সুন্নাহ এতিমখানা, সাতরশি, সদরপুর | ৩১ | ৩০ | ০১ |
| ১২ | আল-জামিয়াতুল ইসলামিয়া এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং | ৪২ | ২১ | ২১ |
| ১৩ | শৈলডুবী সিরাজ তালুকদার ময়নার এতিমখানা | ৩০ | ১০ | ২০ |
| ১৪ | জরীপের ডাঙ্গী এতিমখানা | ৩১ | ২৯ | ০২ |
| | মোট | ৯০৮ | ৩৯২ | ৫১৬ |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬।৪।২৬

(শরীফ শাওন)
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর
ও
সভাপতি
উপজেলা বেসরকারি এতিমখানা মনিটরিং কমিটি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ২৭০

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক, (প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৫। উপজেলা একাউন্টস ও ফিন্যান্স অফিসার, সদরপুর, ফরিদপুর।
৬। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), সদরপুর, ফরিদপুর।
৭। অফিস কপি।

২৩/৪/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা বেসরকারি এতিমখানা মনিটরিং কমিটি
ফোনঃ ০২-৪৭৭৭৯৮১১১
মেইল: usso.sadarpur@dss.gov.bd